

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা
সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

গণযোগাযোগ ও আন্তঃব্যক্তিক যোগাযোগের মাধ্যমে তথ্যসেবা প্রদান করে উন্নয়নমুখী জনসচেতনতা ও জনসম্পৃক্ততা বৃদ্ধি এবং জনগণকে উদ্বুদ্ধ করা গণযোগাযোগ অধিদপ্তরের মাঠ পর্যায়ের তথ্য অফিসের মূল দায়িত্ব। বিগত তিন বছরে জেলায় জনসচেতনতামূলক ৪৬৭টি চলচ্চিত্র প্রদর্শনী, ৮৫টি উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান, ৫১টি উঠান বৈঠক/উন্মুক্ত বৈঠক/কমিউনিটি সভা, সড়কে ৬৪৯ইউনিট জনগুরুত্বপূর্ণ বার্তা/কথামালা প্রচার এবং আর্থ সামাজিক ইস্যুস্বে ৭টি আলোচনা সভা/মতবিনিময় সভা, মহিলা সমাবেশ ও শিশু মেলা/সমাবেশ সম্পাদন করা হয়েছে। যাতে সর্ব মোট ২৯০০০০ সংখ্যক দর্শক সমাগম হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

চ্যালেঞ্জসমূহের মধ্যে রয়েছে ০৩টি পৌরসভাসহ জেলার সকল জনগোষ্ঠীর দোরগোড়ায় উন্নয়ন বার্তা পৌঁছানো এবং জনগণকে প্রশিক্ষিত ও উদ্বুদ্ধ করা।
ভবিষ্যৎ পরিকল্পনা

নড়াইল জেলা তথ্য কমপ্লেক্স নির্মাণ এবং জেলার সকল উপজেলা পর্যায়ের তথ্য অফিসসম্প্রসারণ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর যুগোপযোগী ডিজিটাল তথ্যসেবা গড়ে তোলা।

২০২৩-২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- সড়কে ১৭০ ইউনিট জনগুরুত্বপূর্ণ বার্তা প্রচার
- ১৩০টি জনসচেতনতামূলক চলচ্চিত্র ও প্রামাণ্যচিত্র প্রদর্শনী
- ১৩ টি আলোচনা সভা/মতবিনিময় সভা, মহিলা সমাবেশ ও শিশু মেলা/সমাবেশ আয়োজন অথবা ভার্চুয়াল সভা আয়োজন।
- ২৩টি উঠান বৈঠক/উন্মুক্ত বৈঠক আয়োজন (সাধারণভাবে ১৬টি, ভিডিও কলের মাধ্যমে ৭টি)
- ২০ টি উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান আয়োজন/রেকর্ড কৃত সংগীত প্রচার
- ৪৫টি সচেতনতামূলক বার্তা/চিত্র/কনটেন্টস অনলাইনে প্রচার